

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.tangail.gov.bd

স্মারক নং ০৫.৪১.৯৩০০.০১০.০৯.০০৯.২৩- ১২১১

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
২৮ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠিতব্য টাঙ্গাইল দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণ দিনের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ

০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত


ট্যাক্সি ক্যাব	পিক আপ	মাইক্রোবাস	ট্রাক
----------------	--------	------------	-------

উপরোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য:

- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
 - জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
 - আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দুরপাল্লার যাত্রী বহনকারী অথবা দুরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যেকোন যানবাহন;
 - রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন);
 - রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল;
 - নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল;
 - জাতীয় মহাসড়ক (Highway), আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তা;
- এছাড়াও স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে নিম্নস্বাক্ষরকারী আরও কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



মোঃ কায়দুরুল ইসলাম

জেলা ম্যাজিস্ট্রেট

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, টাঙ্গাইল।

ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩

ইমেইল: dctangail@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪১.৯৩০০.০১০.০৯.০০৯.২৩- ১২১১ / ১ (৪৫)

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
২৮ ডিসেম্বর ২০২৩

অনুলিপি :

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার..... ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), টাঙ্গাইল (ওয়েবপোর্টালে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ)
- ৭। জনাব.....সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
- ৮। সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, টাঙ্গাইল।
- ১০। জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল (এ নিষেধাজ্ঞা বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।


21/12/2020

জেলা ম্যাজিস্ট্রেট

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, টাঙ্গাইল।